# মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ৭০৩

মুসনাদে আলী ইবনে আবি তালিব (রাঃ) [আলীর বর্ণিত হাদীস] (مسند علي بن أبي طالب)

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ، حَدَّثَنِي عَلِيُّ بْنُ حَكِيمٍ الْأَوْدِيُّ، أَخْبَرَنَا شَرِيكٌ، عَنْ عُثْمَانَ بْنِ أَبِي زُرْعَةَ، عَنْ زَيْدِ بْنِ وَهْبٍ، قَالَ: قَدِمَ عَلِيٌّ، عَلَى قَوْمٍ مِنْ أَهْلِ الْبَصْرَةِ مِنَ الْخَوَارِجِ، فِيهِمْ رَجُلٌ يُقَالُ لَهُ: الْجَعْدُ بْنُ بَعْجَةَ فَقَالَ لَهُ: اتَّقِ اللهَ يَا عَلِيُّ، فَإِنَّكَ مَيِّتٌ. فَقَالَ عَلِيٌّ: " بَلْ مَقْتُولٌ، ضَرْبَةٌ عَلَى هَذَا تَخْضِبُ هَذِهِ - يَعْنِي لِحْيَتَهُ مِنْ رَأْسِهِ - عَهْدٌ مَعْهُودٌ، وَقَضَاءٌ مَقْضِيٌّ، وَقَدْ خَابَ مَنِ افْتَرَى "، وَعَاتَبَهُ فِي لِبَاسِهِ، فَقَالَ: مَا لَكُمْ وَلِلِّبَاسِ هُوَ أَبْعَدُ مِنَ الْكِبْرِ، وَأَجْدَرُ أَنْ يَقْتَدِيَ بِيَ الْمُسْلِمُ

إسناده ضعيف، شريك- وهو ابن عبد افله النخعي- سيئ الحفظ
وأخرجه أبو نعيم في "الحلية" 1/82 - 83 عن محمد بن أحمد بن الحسن، عن عبد الله بن أحمد، بهذا الإسناد. ولم يذكر فيه ما يتعلق بمقتله
وأخرجه الطيالسي (157) ، ومن طريقه ابن أبي عاصم في "السنة" (918) ، وأخرجه أبو القاسم البغوي في "الجعديات" (2238) ، ومن طريقه أبو نعيم 1/82- 83 عن علي بن الجعد، كلاهما) الطيالسي وعلي (عن شريك، به. وبعضهم يزيد فيه على بعض.
وانظر (802) و (1078)

বাংলা

৭০৩। বসরাবাসী খারিজীদের একটি দল আলী (রাঃ)-এর কাছে এল। তাদের মধ্যে জা’দ বিন বা’জা নামক এক ব্যক্তি ছিল। সে বললোঃ হে আলী, আল্লাহকে ভয় করুন। কারণ আপনি একদিন মারা যাবেন। আলী (রাঃ) বললেনঃ বরং আমি নিহত হব। আমার মাথার ওপর একটা আঘাত আমার দাড়িকে রঞ্জিত করবে। এটা একটা অবধারিত প্রতিশ্রুতি এবং অকাট্য ফায়সালা। যে মিথ্যা আরোপ করে, সে একদিন ব্যর্থ হবেই। জা’দ আলী (রাঃ)-কে তার পোশাক নিয়ে ভর্ৎসনা করলো। তিনি বললেনঃ পোশাক নিয়ে তোমাদের কী হয়েছে? আমার যে পোশাক

রয়েছে তা অহংকার থেকে অধিকতর দূরে এবং আমার প্রতি মুসলিমদের অনুকরণের অধিকতর যোগ্য।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63614

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন